

সংশোধিত বাজেট
২০১৮-১৯

সম্পূরক মঞ্জুরি ও বরাদ্দ দাবী
(পরিচালন ও উন্নয়ন)

মন্ত্রিপরিষদ বিভাগ

অর্থ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইটঃ www.mof.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং- ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০১৯-১৭৭

তারিখঃ ৩১ মার্চ ২০১৯
১৭ চৈত্র ১৪২৫


প্রাপকঃ হিসাব মহা-নিয়ন্ত্রক
বাংলাদেশ, ঢাকা

মহোদয়,

আমি আদিষ্ট হয়ে এ সাথে ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বরাদ্দের বিস্তারিত বিভাজন প্রেরণ করছি। প্রত্যেক খাতের বিপরীতে ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বরাদ্দ হিসেবে উল্লিখিত অর্থের অতিরিক্ত কোন ব্যয় বিল গ্রহণ না করার জন্য অনুরোধ করছি। তবে এ কর্তৃত্ব জারির পর যেসকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে সেসকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে। উল্লেখ্য, যেসব খাতে ২০১৮-১৯ অর্থবছরের মূল মঞ্জুরির অতিরিক্ত অর্থ সংশোধিত বাজেটে বরাদ্দ করা হয়েছে এবং পরবর্তীতে করা হবে সেসব খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।

২। উল্লেখ্য, ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত কর্তৃত্ব অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নধীন অনুমোদিত প্রকল্পের জিওবি অংশের বরাদ্দের অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগ এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের কোন সম্মতির প্রয়োজন হবে না। উক্ত অর্থ স্বয়ংক্রিয়ভাবে ছাড় হয়েছে বলে গণ্য হবে। প্রকল্প পরিচালকগণ এ অর্থ সরাসরি ব্যবহার করতে পারবেন। তবে সংশোধিত অননুমোদিত/অননুমোদিত প্রকল্পসহ অন্যান্য সকল প্রকল্পের অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা, ২০১৮ এর বিদ্যমান পদ্ধতি অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,




(সিরাজুন নূর চৌধুরী)
যুগ্ম সচিব (বাজেট-১)
৯৫৭৬০৪৩

নং- ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০১৯-১৭৭

তারিখঃ ৩১ মার্চ ২০১৯
১৭ চৈত্র ১৪২৫

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বরাদ্দের অনুলিপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকল উপসচিব/সিনিয়র সহকারী সচিব-এর নিকট প্রেরণ করা হল। সংশোধিত বরাদ্দের বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণের জন্য অর্থ বিভাগের সংশ্লিষ্ট উপসচিব/সিনিয়র সহকারী সচিবদের অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ কর্তৃত্ব জারির পর যেসকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হবে সেসকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে এবং পরবর্তীতে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।



(মোহাম্মদ আনিসুজ্জামান খান)
উপসচিব
৯৫১৪১৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
- ২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুন বাগিচা, ঢাকা
- ৩। উপসচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট অধিশাখা/শাখা-....., বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগ/মন্ত্রণালয়

